

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ডিসেম্বর ২০, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৭ ডিসেম্বর ২০০৮/২৬ অগ্রহায়ণ ১৪১১

নং প্রঃ/৬-৫/২০০৩(অংশ-১)/১২৩৬—এস, আর, ও নং 201-Pub., dated; 22nd March 1975.—The Islamic foundation Act, 1975 (Ordinance No. XVII of 1975) এর অনুমোদিত বংগানুবাদ সরকার এতদসঙ্গে প্রকাশ করিল।

পাঠকদের সুবিধার্থে ইংরেজীতে প্রকাশিত উক্ত অধ্যাদেশের বংগানুবাদ প্রকাশ করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিকউল্লাহ

উপ-সচিব (প্রঃ)।

ইসলামিক ফাউন্ডেশন আইন, ১৯৭৫

১৯৭৫ সালের ১৭ নম্বর আইন

ইসলামিক ফাউন্ডেশন গঠনের উদ্দেশ্যে আইন

যেহেতু, দেশে মসজিদ ও ইসলামী কেন্দ্র, একাডেমী ও ইনস্টিটিউট স্থাপন, পরিচালনা ও সহায়তাদান, সংস্কৃতি, বিজ্ঞান ও সভ্যতার ক্ষেত্রে ইসলামের অবদান সম্পর্কে গবেষণা চালানো, ইসলামের বিশ্ব ভ্রাতৃত্ব পরমতসহিষ্ণুতা ও ন্যায়বিচারের মত মৌলিক আদর্শাবলী প্রচার, ইসলামের ইতিহাস, দর্শন, আইন, বিজ্ঞান ও বিচারব্যবস্থার উপর গবেষণার প্রসার ঘটানো এবং ইহার সহিত সম্পর্কিত বিষয়াদির বিধান করিবার জন্য একটি ইসলামিক ফাউন্ডেশন স্থাপন করা প্রয়োজন ও সমীচীন;

(৮৫১৩)

মূল্য : টাকা ৩.০০

সেহেতু, এতদ্বারা নিয়োক্ত অর্জন প্রণয়ন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও সংকলন।—(১) এই আইন ইসলামিক ফাউন্ডেশন আইন, ১৯৭৫ নামে অভিহিত হইবে।

(২) এই আইন ২৮ মার্চ, ১৯৭৫ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা।—বিহা বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে,—

(ক) “বোর্ড” অর্থ ফাউন্ডেশনের বোর্ড অব (গভর্নরস);

(খ) “চেয়ারম্যান” অর্থ বোর্ডের চেয়ারম্যান;

৩।(ক) “মহাপরিচালক” অর্থ ধারা ৫ক এর অধীন নিয়োগপ্রাপ্ত মহাপরিচালক;।

(গ) “ফাউন্ডেশন” অর্থ এই আইনের অধীন স্থাপিত ইসলামিক ফাউন্ডেশন;

৭।(গ) “গভর্নর” অর্থ বোর্ডের সদস্য;।

৭।(ঘ) “নির্ধারিত” অর্থ বিধিসমূহ দ্বারা নির্ধারিত;।

৭।(ঙ) “ভাইস চেয়ারম্যান” অর্থ বোর্ডের ভাইস চেয়ারম্যান ॥

৩। ফাউন্ডেশন স্থাপন।—(১) এই আইন বলবৎ হইবার পর যতশীঘ্র সম্ভব সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে ইসলামিক ফাউন্ডেশন নামে একটি ফাউন্ডেশন স্থাপন করিবে।

(২) ফাউন্ডেশন একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে ইহার একটি স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলসোহর থাকিবে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে ইহা উক্ত নামে মামলা করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধে মামলা করা যাইবে।

৪। প্রধান কার্যালয়।—(১) ফাউন্ডেশনের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) ফাউন্ডেশন যে সকল স্থান উপযুক্ত মনে করিবে সেই সকল স্থানে প্রয়োজনীয় সংখ্যক শাখা স্থাপন করিতে পারিবে।

৫। সাধারণ নির্দেশনা।—ফাউন্ডেশনের সাধারণ নির্দেশনা ও কার্যাবলী পরিচালনার দায়িত্ব বোর্ড অব (গভর্নরস) এর উপর ন্যস্ত থাকিবে যাহা ফাউন্ডেশন কর্তৃক প্রয়োগ যোগ্য ও সম্পাদিত সংস্থাপন প্রয়োগ এইরূপ সফল কার্য সম্পাদন করিবে।

৬। মহাপরিচালক।—(১) ফাউন্ডেশনে সরকার কর্তৃক নির্ধারিত শর্তে একজন মহাপরিচালক নিয়োগ প্রদান করিবেন।

১৯৭৬ সালের ৩৬নং অধ্যাদেশ দ্বারা প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

১৯৭৬ সালের ৬৪নং অধ্যাদেশের ২ সন্নিবেশিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

১৯৭৬ সালের ৩৬নং অধ্যাদেশ দ্বারা সন্নিবেশিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

১৯৮৩ সালের ৬৭নং অধ্যাদেশের প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1983.

১৯৮৫ সালের ২২নং অধ্যাদেশের সন্নিবেশিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1983.

১৯৭৬ সালের ৩৬নং অধ্যাদেশের সন্নিবেশিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

(২) মহাপরিচালক ফাউন্ডেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা হইবেন, বোর্ডের সিদ্ধান্তসমূহ কার্যকরী করা তাঁহার দায়িত্ব এবং তিনি বোর্ডের সচিব হিসাবেও কাজ করিবেন।

১৬। বোর্ড।—(১) বোর্ডে নিম্নোক্ত ব্যক্তিবর্গ গভর্নর হিসাবে থাকিবেন যথাঃ—

(ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি পদাধিকারবলে বোর্ডের চেয়ারম্যানও হইবেন ;

(কক) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, পদাধিকারবলে; তিনি বোর্ডের ভাইস চেয়ারম্যান হিসাবেও দায়িত্ব পালন করিবেন;

(খ) চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, বাংলাদেশ, পদাধিকারবলে;

(গ) সচিব, শিক্ষা বিভাগ, পদাধিকারবলে;

(ঘ) উপাচার্য, ইসলামী বিশ্ববিদ্যালয়, পদাধিকারবলে;

(ঙ) চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, পদাধিকারবলে;

(চ) প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ফাউন্ডেশনের সদস্যদের মধ্য হইতে সদস্যগণ কর্তৃক নির্বাচিত তিন ব্যক্তি;

(ছ) বাংলাদেশের প্রখ্যাত মুসলিম পণ্ডিত ও তাত্ত্বিকগণের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত পাঁচ ব্যক্তি;

(জ) সরকার কর্তৃক মনোনীত দুইজন সংসদ সদস্য; এবং

(ঝ) মহাপরিচালক, পদাধিকারবলে; তিনি বোর্ডের সদস্য-সচিব হিসাবেও দায়িত্ব পালন করিবেন।

(২) পদাধিকারবলে নিযুক্ত গভর্নর ব্যতীত, একজন গভর্নর তিন বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন :

তবে শর্ত থাকে যে, পদাধিকারবলে নিযুক্ত গভর্নর ব্যতীত, একজন গভর্নর তাঁহার মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তাঁহার উত্তরসূরী দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।

(৩) পদাধিকারবলে নিযুক্ত গভর্নর ব্যতীত একজন গভর্নর চেয়ারম্যান বরাবরে লিখিত নোটিশের মাধ্যমে পদত্যাগ করিতে পারিবেন।

(৪) পদাধিকারবলে নিযুক্ত গভর্নর ব্যতীত, গভর্নরের পদ সরকার শূন্য ঘোষণা করিতে পারিবে, যদি মনে করে যে—

(ক) অসুস্থতা বা অন্য কোন কারণে কোন গভর্নর দায়িত্ব পালনে অপারগ; বা

(খ) তাহার গভর্নর পদে বহান থাকা ফাউন্ডেশনের স্বার্থের সহায়ক নয়।

(৫) কেবল বোর্ডের কোন পদের শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকিবার কারণে বোর্ডের কোন কার্যধারা অবৈধ হইবে না বা এই বিষয়ে কোন প্রশ্নও উত্থাপন করা যাইবে না।

৭। বোর্ড সভা :—(১) নির্ধারিত সময়ে ও স্থানে বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে :

তবে শর্ত থাকে যে, সময় ও স্থান নির্ধারিত না হইয়া পর্যন্ত চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত সময়ে ও স্থানে সভা অনুষ্ঠিত হইবে।

(২) বোর্ডের কোরাম গঠনের জন্য অন্যান্য পাঁচজন [গভর্নরস] উপস্থিত থাকিতে হইবে।

(৩) উপস্থিত [গভর্নরসদের] সংখ্যাগরিষ্ট ভোটে বোর্ডের সভায় যাবতীয় প্রশ্ন মীমাংসিত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৪) বোর্ডের সকল সভায় চেয়ারম্যান সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে ডাইস-চেয়ারম্যান, এবং উভয়ের অনুপস্থিতিতে [চেয়ারম্যান কর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত] একজন [গভর্নর] সভাপতিত্ব করিবেন।

৮। কমিটি নিয়োগ :—বোর্ড ইহার কার্যাবলী সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে ইহাকে সহায়তার জন্য যেইরূপ কমিটি উপযুক্ত মনে করিবে সেইরূপ কমিটি বা কমিটিসমূহ নিয়োগ করিবে :

পরবর্তীকালে ১৯৮৩ সালের ৬৭নং অধ্যাদেশের ৩নং ধারাবলে প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1983.

১৯৮৫ সালের ২২নং অধ্যাদেশবলে প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1985.

১৯৮৫ সালের ২২নং অধ্যাদেশবলে প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1985.

১৯৭৬ সালের ৩৬নং অধ্যাদেশবলে প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

১৯৮৫ সালের ২২নং অধ্যাদেশের প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1985.

১৯৭৬ সালের ৩৬নং অধ্যাদেশবলে প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

৭৯। ফাউন্ডেশনের সদস্যবৃন্দ।—(১) ফাউন্ডেশনের নিজস্ব পৃষ্ঠপোষক, ফেলো, আজীবন সদস্য ও সদস্য থাকিবে এবং এই আইনের বিধালাবলী সাপেক্ষে তাহাদের নির্ধারিত কার্যাবলীও অধিকার থাকিবে।

(২) নিজ কার্যাবলীও অধিকার ক্ষুণ্ণ না করিয়া পৃষ্ঠপোষক ও ফেলোগণের আজীবন সদস্যের অনুরূপ কার্যাবলী ও অধিকার থাকিবে।

(৩) বোর্ড—

(ক) ফাউন্ডেশনের আমন্ত্রণক্রমে যাহারা পৃষ্ঠপোষক হইতে সম্মতি জ্ঞাপন করিবেন এমন বিশিষ্ট ব্যক্তির নাম ফাউন্ডেশনের পৃষ্ঠপোষক হিসাবে; এবং

(খ) ইসলামী শিক্ষা ও সমাজ সেবার ক্ষেত্রে অসামান্য অবদান রাখিয়াছে এমন ব্যক্তি ফাউন্ডেশনের ফেলো হইতে ইচ্ছুক বা সম্মত হইলে ফাউন্ডেশনের ফেলো হিসাবে তাহার নাম এতদুদ্দেশ্যে রক্ষিত বহিতে অন্তর্ভুক্ত করিবেন।

(৪) ফাউন্ডেশনের কোন পৃষ্ঠপোষক বা ফেলো তাহার এই বিশেষ অধিকার ত্যাগ করিবার ইচ্ছা প্রকাশ না করিলে তিনি আজীবন ফাউন্ডেশনের পৃষ্ঠপোষক বা ফেলো থাকিবেন।

(৫) বোর্ড, ফাউন্ডেশনের লক্ষ্য ও উদ্দেশ্যের প্রতি অগ্রহী যে কোন ব্যক্তিকে তাহার আবেদনের প্রেক্ষিতে নির্ধারিত পদ্ধতি ও শর্তাবলী পূরণ সাপেক্ষে ফাউন্ডেশনের আজীবন সদস্য বা সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

৮০। সদস্যগণের সভা।—(১) বোর্ড প্রত্যেক বৎসর ফাউন্ডেশনের সদস্যগণের বার্ষিক সাধারণ সভা আহ্বান করিবে, যাহার উদ্দেশ্য হইবে—

(ক) সভায় ফাউন্ডেশনের পূর্ববর্তী বৎসরের কার্যক্রমের উপর মহাপরিচালকের প্রদেয় বার্ষিক প্রতিবেদন পর্যালোচনা করা;

(খ) ফাউন্ডেশনের কার্যাবলী ও কর্মতৎপরতার ব্যাপারে বোর্ডের বিবেচনার জন্য সুপারিশ পেশ করা; এবং

(গ) ফাউন্ডেশনের সদস্যগণ কর্তৃক প্রয়োজনবোধে বোর্ডের গভর্নর নির্বাচিত করা।

(২) সভায় পেশ করিতে হইবে এমন বিষয়াদি বিবেচনা করিয়া দেখিবার জন্য বোর্ড যে কোন সময় ফাউন্ডেশন সদস্যগণের অন্যান্য সাধারণ সভা আহ্বান করিতে পারিবেন।

৭। ৭ (৩) চেয়ারম্যান ফাউন্ডেশনের সদস্যগণের সাধারণ সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে ভাইস-চেয়ারম্যান, এবং উভয়ের অনুপস্থিতিতে চেয়ারম্যান কর্তৃক এতদুদ্দেশ্যে মনোনীত একজন গভর্নর সভাপতিত্ব করিবেন।

(৪) ফাউন্ডেশনের সাধারণ সভার কর্মপত্র এই আইনের অধীনে প্রণীত বিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত হইবে।

৭। ১০। কর্মকর্তা নিয়োগ, ইত্যাদি।—(১) ফাউন্ডেশনের একজন সচিব থাকিবেন যিনি সরকার কর্তৃক নির্ধারিত শর্তে নিয়োগপ্রাপ্ত হইবেন এবং বোর্ড অথবা মহাপরিচালক কর্তৃক প্রদত্ত দায়িত্ব পালন করিবেন।

(২) ফাউন্ডেশন ইহার কার্যাবলী দক্ষতার সহিত সম্পাদনের জন্য প্রয়োজনবোধে নির্ধারিত শর্তে কর্মকর্তা ও অন্যান্য কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

১৯৭৬ সালের ৩৬নং অধ্যাদেশে সন্নিবেশিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

১৯৮৫ সালের ২২নং অধ্যাদেশে সন্নিবেশিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1985.

১৯৮৩ সালের ৬৭নং অধ্যাদেশের প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1983.

১৯৭৬ সালের ৬৪নং অধ্যাদেশে প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

১১। কার্যাবলী — ফাউন্ডেশনের কার্যাবলী হইবে—

- (ক) মসজিদ ও ইসলামী কেন্দ্র, একাডেমী ও 'ইনস্টিটিউট' স্থাপন করা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা;
- (খ) মসজিদ ও ইসলামী কেন্দ্র, 'একাডেমী, ইনস্টিটিউট এবং সমাজসেবায় নিয়োজিত সংগঠনসমূহকে আর্থিক সহায়তা প্রদান করা;
- (গ) সংস্কৃতি, চিন্তা, বিজ্ঞান ও সভ্যতার ক্ষেত্রে ইসলামের অবদানের উপর গবেষণা পরিচালনা করা;
- (ঘ) ইসলামের ঐতিহাসিক আঙ্গন বিষয় আভূতবোধ, পরমতপহিকৃত্তা ও ন্যায়বিচার প্রভৃতি প্রচার করা এবং প্রচারের কাজে সহায়তা করা [এবং সমাজের সাংস্কৃতিক, সামাজিক ও ঐতিহাসিক জীবনে ইসলামী মূল্যবোধ ও নীতিমালা বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক উন্নয়নসহ বিভিন্ন পদক্ষেপের সুপারিশ করা;
- (ঙ) 'ইসলামী মূল্যবোধ ও নীতিমালা জনপ্রিয় করিয়া তোলার লক্ষ্যে ইসলামের ইতিহাস, দর্শন, সংস্কৃতি, আইন ও বিচার ব্যবস্থা সম্পর্কিত গবেষণার আয়োজন করা ও তাহার প্রসার ঘটানো এবং জনপ্রিয় ইসলামী সাহিত্য প্রকাশ ও প্রকাশনার উন্নয়ন এবং সুসংগত মূল্যে বিতরণের ব্যবস্থা করা];
- (চ) ইসলাম ও ইসলামের বিষয় সম্পর্কিত বই-পুস্তক, সাময়িকী ও প্রচার পুস্তিকা, অনুবাদ করা, সংকলন করা ও প্রকাশ করা];
- (ছ) ইসলামের ইতিহাস, দর্শন, সংস্কৃতি, আইন ও বিচার ব্যবস্থা সম্পর্কিত বিষয়াদির উপর সম্মেলন, বক্তৃতামালা, বিভর্ক ও সিম্পোজিয়ামের আয়োজন করা;
- (জ) ইসলাম বিষয়ক গবেষণার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য পুরস্কার ও পদক প্রবর্তন করা;
- (জজ) ইসলাম বিষয়ক প্রকল্পের উদ্যোগ লওয়া, প্রকল্প গ্রহণ করা বা উহাতে সহায়তা করা];
- (ঝ) ইসলাম বিষয়ক গবেষণার জন্য বৃত্তি প্রদান করা;
- (ঞ) বায়তুল মোকাররম মসজিদের ব্যবস্থাপনা ও উন্নয়ন করা; এবং
- (ট) উপর্যুক্ত কার্যাবলীর যে কোনটির ক্ষেত্রে আনুষ্ঠানিক বা প্রাসঙ্গিক সকল কাজ সম্পাদন করা।

১৯৭৬ সালের ৩৬নং অধ্যাদেশবলে "ইনস্টিটিউটস" শব্দের স্থলে এই শব্দটি প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

১৯৭৬ সালের ৬৪নং অধ্যাদেশের ৫নং অনুচ্ছেদবলে "একাডেমীক্স ও ইনস্টিটিউটস" শব্দাবলীর স্থলে এই শব্দাবলী প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

১৯৭৬ সালের ৩৬নং অধ্যাদেশবলে "ন্যায়বিচার" শব্দের পর এই শব্দগুলি ও কমা যুক্ত করা হইয়াছে। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

১৯৭৬ সালের ৩৬নং অধ্যাদেশবলে "বিচারব্যবস্থা" শব্দের পর এই শব্দগুলি ও কমা যুক্ত করা হইয়াছে। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976.

১৯৮৩ সালের ৬৭নং অধ্যাদেশের প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1983.

১৯৮৩ সালের ৬৭নং অধ্যাদেশবলে সন্নিবেশিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1983.

১২। তহবিল।—(১) ফাউন্ডেশনের একটি তহবিল থাকিবে এবং উহাতে জমা হইবে—

- (ক) ধারা ২০ এর অধীন ফাউন্ডেশনের নিকট ব্যয়তুল মোকাররম ও ইসলামী একাডেমীর হস্তান্তরিত তহবিল;
- (খ) সরকারের অনুদান ও ঋণ;
- (গ) বাংলাদেশে সংগৃহীত ঋণ;
- (ঘ) সরকারের পূর্বানুমোদনক্রমে বিদেশী রাষ্ট্র অথবা সংস্থার নিকট হইতে প্রাপ্ত সাহায্য ও ঋণ;
- (ঙ) দান ও অনুদান;
- (চ) বিনিয়োগ, রয়্যালটি ও সম্পত্তি হইতে প্রাপ্ত আয়; এবং
- (ছ) ফাউন্ডেশনের অন্য সকল প্রাপ্তি।

(২) এই আইনের অধীনে ফাউন্ডেশনের তহবিল ইহার কার্যাবলীর সহিত সম্পর্কিত ব্যয় নির্বাহের কাজে ব্যবহার করা হইবে এবং ফাউন্ডেশনের যাবতীয় পাওনা ঐ তহবিল হইতে পরিশোধ করা হইবে।

(৩) ফাউন্ডেশনের সমস্ত অর্থ যে কোন ব্যাংকে জমা রাখা হইবে।

১৩। হিসাব।—সরকারের নির্দেশিত পদ্ধতিতে ফাউন্ডেশন ইহার হিসাব সংরক্ষণ করিবে।

১৪। বাজেট।—ফাউন্ডেশন প্রতিবৎসরে সরকার কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে এবং নির্ধারিত পদ্ধতিতে প্রতি অর্থ বৎসরের প্রাক্কলিত আয়-ব্যয় প্রদর্শনপূর্বক একটি বাজেট অনুমোদনের জন্য সরকারের নিকট দাখিল করিবে।

১৫। হিসাব নিরীক্ষা।—(১) বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (অতঃপর এই ধারায় মহাহিসাব নিরীক্ষক বলিয়া অভিহিত) যেইরূপ উপযুক্ত মনে করিবেন সেইরূপে ফাউন্ডেশনের হিসাব নিরীক্ষা করিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব নিরীক্ষক কিংবা এতদুদ্দেশ্যে তাঁহার নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ফাউন্ডেশনের সকল রেকর্ড, বহি, দলিল, নগদ, জামানত, ভান্ডার এবং অন্যান্য সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং গণভর্নর, মহাপরিচালক বা ফাউন্ডেশনের অন্য যে কোন কর্মকর্তা বা কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

(৩) মহাহিসাব নিরীক্ষক সরকারের নিকট তাঁহার নিরীক্ষা প্রতিবেদন পেশ করিবেন এবং প্রতিবেদনের একটি কপি ফাউন্ডেশনের নিকট প্রেরণ করিবেন।

১৬। প্রতিবেদন, ইত্যাদি।—(১) ফাউন্ডেশন সময়ে সময়ে সরকারের চাহিদামত প্রতিবেদন ও বিবরণী সরকারের নিকট দাখিল করিবে।

(২) প্রতি আর্থিক বৎসর শেষ হইবার সংগে সংগে ফাউন্ডেশন নিরীক্ষিত হিসাবের একটি বিবরণী এবং উক্ত বৎসরের বিষয়াদি সংক্রান্ত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

১৭। ক্ষমতা অর্পণ।—ফাউন্ডেশন লিখিতভাবে সাধারণ অথবা বিশেষ আদেশ দ্বারা, নির্দেশ করিতে পারে যে, আদেশে উল্লিখিত অবস্থায় ও শর্তে, যদি থাকে উহার ক্ষমতা চেয়ারম্যান বা যে কোন গভর্নর, মহাপরিচালক বা ফাউন্ডেশনের অন্য যে কোন কর্মকর্তা বা কর্মচারীও প্রয়োগ করিতে পারিবেন।

১৮। বিধিমালা প্রণয়নের ক্ষমতা।—সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

১৮ক. এই আইনের প্রণয়নের ক্ষমতা।—(১) এই আইনের বিধান কার্যকর করিবার জন্য কোর্ট, প্রয়োজন বা সমীচীন হইলে, সরকারের পূর্বানুমোদনক্রমে এই আইন ও বিধিমালার সহিত অসামঞ্জস্য না হইয়া এইরূপ প্রবিধান, প্রণয়ন করিতে পারিবে।

(২) এই ধারার অধীন প্রণীত সকল প্রবিধান সরকারী গেজেটে প্রকাশিত হইবে এবং প্রকাশনার দ্বারা বলবৎ হইবে।

১৮কক. ফাউন্ডেশনের সম্পত্তিসমূহের ভাড়া নির্ধারণ।—(১) আপাততঃ বলবৎ অন্য যে কোন আইন বা কোন সন্যতি বা চুক্তিতে যাহা কিছুই থাকুক না কেন,—

(ক) ফাউন্ডেশন সরকার কর্তৃক নির্ধারিত ভাড়ার তফসিল অনুসারে বিদ্যমান বাজারদরের সঙ্গিত সঙ্গতি রাখিয়া সময়ে সময়ে উহার সম্পত্তিসমূহের ভাড়া নির্ধারণ করিবে;

(খ) ফাউন্ডেশন দফা (ক) এর অধীন নির্ধারিত তফসিল অনুসারে ইহার সম্পত্তিসমূহের ভাড়া পুনঃ নির্ধারণ করিবে ;

তবে শর্ত থাকে যে, প্রত্যেক ভাড়াটিয়ার ভোগদখলকালে কোন সম্পত্তি বা ইহার কোন অংশের ভাড়া বারমাসের মধ্যে পুনঃনির্ধারণ করা যাইবে না।

(২) কোন ভাড়াটিয়া উপ-ধারা (১) এর অধীন ধার্যকৃত বা পুনঃধার্যকৃত ভাড়া পরিশোধ করিতে অস্বীকার বা ভাড়া পরিশোধে ব্যর্থ হইলে তিনি বেআইনী দখলদার বলিয়া গণ্য হইবেন এবং তাহাকে ফাউন্ডেশনের সম্পত্তি হইতে উচ্ছেদ করা হইবে।

১৯। অবসায়ন।—বিধিবদ্ধ সংস্থার কার্যক্রম অবসায়ন সংক্রান্ত আইনের কোন বিধান ফাউন্ডেশনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না এবং সরকারের আদেশ ব্যতীত এবং সরকার যেইরূপ নির্দেশ করিবে সেইরূপ নির্দেশ ব্যতীত ফাউন্ডেশনের অবসায়ন হইবে না।

২০। বারতুল মোকাররম ও ইসলামী একাডেমীর বিলুপ্তি।—(১) আপাততঃ বলবৎ কোন আইন বা কোন বিধিমালা, প্রবিধান বা উপ-আইন অথবা কোন ট্রাস্ট, চুক্তিপত্র, দলিল বা অন্যান্য আনুষ্ঠানিক দলিলে যাহা কিছুই থাকুক না কেন, ফাউন্ডেশন প্রতিষ্ঠার পর সঙ্গে সঙ্গে—

(ক) সমিতি নিবন্ধীকরণ আইন, ১৮৬০ (১৮৬০ সালের ২১ নং আইন)-এর অধীন নিবন্ধীকৃত বারতুল মোকাররম নামে পরিচিত সমিতি, অতঃপর সমিতি হিসাবে উল্লিখিত, এবং ইসলামী একাডেমী, ঢাকা নামে পরিচিত ইনস্টিটিউট অতঃপর ইনস্টিটিউট হিসাবে উল্লিখিত, উভয়ই বিলুপ্ত হইবে;

১৯৭৬ সালের ৩৬নং অধ্যাদেশের ১০নং অনুচ্ছেদবলে "বে কোন ট্রাস্ট কর্তৃক বা সেক্রেটারী কর্তৃক" শব্দাবলীর পরিবর্তে এইসব শব্দ ও কমা প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1976

১৯৮৩ সালের ৬৭নং অধ্যাদেশের ১৮, ১৮ক এবং ১৮কক প্রতিস্থাপিত। The Islamic Foundation (Amendment) Ordinance, 1983.

- (ক) উক্ত সমিতির একজন কনিষ্ঠ বা অন্য কোন কনিষ্ঠ অথবা ব্যবস্থাপকজন, উহা যে নামেই অভিহিত হউক না কেন, বিনামূল্যে এবং উক্ত সমিতির সদস্যগণ, সদস্যগণকে থাকিবেন না এবং উক্ত ইনস্টিটিউটের সদস্যগণের প্রধানক, সদস্য গণের প্রধানক পদে থাকিবেন না;
- (গ) বিনামূল্যে হইবার অব্যবহিত পূর্বে উক্ত সমিতি ও উক্ত ইনস্টিটিউটের সকল গণিতসম্মত অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব ও সুযোগ-সুবিধা এবং সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, ক্ষতি অর্থ ও ব্যাংক স্থিতি, সংরক্ষিত তহবিল, বিনিয়োগ এবং অন্য সকল স্বার্থ ও বস্তু এবং এই ধরনের সম্পত্তির সহিত সংশ্লিষ্ট ও উহা হইতে উদ্ভূত বস্তুসমূহ এবং সকল বণ, দায়দেমা ও যে কোন ধরনের আইনগত বাধ্যবাধকতা কাউন্সিলে হস্তান্তরিত ও ন্যস্ত হইবে;
- (ঘ) বিনামূল্যে হইবার পূর্বে উক্ত সমিতি ও ইনস্টিটিউট কর্তৃক বাবতীর বঁদ ও দায়, সম্পাদিত চুক্তি, অর্জিত বস্তু এবং সম্পাদন করিবার জন্য সম্পূর্ণ বিকল্পাদি কাউন্সিলে কর্তৃক কাউন্সিলের সঙ্গে এবং কাউন্সিলের জন্য কৃত, সম্পাদিত, অর্জিত ও নিয়োজিত হইয়াছে বনিয়া গণ্য হইবে;
- (ঙ) উক্ত সমিতি ও ইনস্টিটিউটের সকল কর্মকর্তা এবং সকল কর্মচারী কাউন্সিলে হস্তান্তরিত হইবেন এবং তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য চাকুরীর শর্তাবলী অনুযায়ী তাহারা কাউন্সিল কর্তৃক নিযুক্ত হইয়াছেন বনিয়া গণ্য হইবেন এবং এইরূপ হস্তান্তরের কারণে এই ধরনের কর্মকর্তা ও কর্মচারীদের কেই কেইকরণ ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না; এবং
- (চ) বিনামূল্যে হইবার পূর্বে উক্ত সমিতি ও ইনস্টিটিউট যে সকল যাবজ্জীবন করিয়াছে বা আইনগত স্বত্ব হইয়াছে বা তাহাদের বিরুদ্ধে যে সকল মামলা বা আইনগত স্বত্ব লঙ্ঘন হইয়াছে সেইগুলি কাউন্সিল কর্তৃক অথবা কাউন্সিলের বিরুদ্ধে করা হইয়াছে বনিয়া গণ্য হইবে এবং তদনুযায়ী এইগুলি চমিতে থাকিবে অথবা অন্যভাবে পদক্ষেপ লওয়া হইবে।

(২) উপ-ধারা (১) এ বর্ণিত বিলুপ্তি, হস্তান্তর বা অন্যান্য বিবরণে ক্ষেত্রে যে কোন অনুবিধা দূর করিবার জন্য এবং এই আইনের বিধান কার্যকর করিবার লক্ষ্যে সরকার যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ জারি করিবে এবং এই আদেশ এই আইনের বিধানবলীর অংশ হিসাবে কার্যকর হইবে।

২১। রাহিতকরণ ও হেফাজত — (১) ইনামদার কাউন্সিলে অধ্যাদেশ, ১৯৭৫ (১৯৭৫ নাম্বার ১৬ নম্বর অধ্যাদেশ) এতদ্বারা রাহিত করা হইল।

(২) এই অধ্যাদেশ রাহিত হওয়া সত্ত্বেও উক্ত অধ্যাদেশের যে কোন বিধানের অধীন প্রদত্ত যে কোন আদেশ, জারীকৃত প্রজ্ঞাপন বা প্রদত্ত নির্দেশনাসহ বাহাই কিছু করা হইয়াছে অথবা যেই ব্যবস্থা গৃহীত হইয়াছে উহা এই আইনের সংশ্লিষ্ট বিধানবলে কৃত, গৃহীত, প্রদত্ত, জারীকৃত বা প্রদত্ত হইয়াছে বনিয়া গণ্য হইবে।

বাংলাদেশ



গেজেট

১/১

মস্ক
৩/৩/১৩

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ৩, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৩ মার্চ, ২০১৩/১৯ ফাল্গুন, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৬ ফেব্রুয়ারি, ২০১৩/১৪ ফাল্গুন, ১৪১৯ তারিখে
রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা
যাইতেছে :—

২০১৩ সনের ১০ নং আইন

Islamic Foundation Act, 1975 এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Islamic Foundation Act, 1975 (Act
No XVII of 1975) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সর্শঙ্কিত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Islamic Foundation (Amendment)
Act, 2013 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। Act No XVII of 1975 এর section 2 এর সংশোধন।—Islamic Foundation
Act, 1975 (Act No XVII of 1975), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 2 এর
clause (e) বিলুপ্ত হইবে।

(১৩৮৯)

মূল্য : টাকা ৮.০০

৩। Act No XVII of 1975 এর section 6 এর সংশোধন।—উক্ত Act এর section 6 এর sub-section (1) এর—

(ক) clause (aa) বিলুপ্ত হইবে;

(খ) clause (c) এর পরিবর্তে নিম্নরূপ clause (c) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(c) the secretary, Ministry of Religious Affairs, *ex-officio*.”।

৪। Act No XVII of 1975 এর section 7 এর সংশোধন।—উক্ত Act এর section 7 এর বিদ্যমান sub-section (4) এর পরিবর্তে নিম্নরূপ নতুন sub-section (4) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(4) All meetings of the Board shall be presided over by the Chairman and, in his absence, by a Governor nominated for the purpose by the Chairman.”।

৫। Act No XVII of 1975 এর section 9A এর সংশোধন।—উক্ত Act এর section 9A এর বিদ্যমান sub-section (3) এর পরিবর্তে নিম্নরূপ নতুন sub-section (3) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(3) A general meeting of the members of the Foundation shall be presided over by the Chairman and, in his absence, by a Governor nominated for the purpose by the Chairman.”।

৬। Act No XVII of 1975 এর section 11 এর সংশোধন।—উক্ত Act এর section 11 এর clause (j) এর শেষে উল্লিখিত “and” শব্দটি বিলুপ্ত হইবে এবং অতঃপর নতুন clause (jj) সন্নিবেশিত হইবে, যথাঃ—

“(jj) to manage and develop the Jamiatul Falah Mosque and Complex, Chittagong; and”।

৭। Act No XVII of 1975 এর section 12 এর সংশোধন।—উক্ত Act এর section 12 এর sub-section (1) এর clause (a) এর পর নিম্নরূপ নতুন clause (aa) সন্নিবেশিত হইবে, যথাঃ—

“(aa) funds of the Jamiatul Falah Mosque and Complex, Chittagong, transferred under section 20A;”।

৮। Act No XVII of 1975 এ নতুন section 20A এর সন্নিবেশ।—উক্ত Act এর section 20 এর পর নিম্নরূপ নতুন section 20A সন্নিবেশিত হইবে, যথাঃ—

“20A. Vesting of Jamiatul Falah Mosque and Complex, Chittagong, in Foundation and its management.—(1) Notwithstanding anything contained to the contrary in any other law, rule, regulation or bye-law, or in any trust, waqf,

agreement, deed or other instrument, for the time being in force, upon coming into force of this section,—

(a) the society known as Jamiatul Falah, in respect of the Jamiatul Falah Mosque and Complex, Chittagong, registered under the Societies Registration Act, 1860 (XXI of 1860), shall stand dissolved;

(b) the management of the Jamiatul Falah Mosque and Complex, Chittagong, hereinafter called the “the said Mosque and Complex,” shall vest in the Foundation; and all assets, rights, powers, authorities and privileges, and all property, movable and immovable, cash and bank balances, reserve funds, investments and all other interests and rights in, or arising out of, such property and all debts, liabilities and obligations of whatever kind in respect of the said Mosque and Complex, subsisting immediately before the coming into force of this section, shall, stand transferred to, and, vest in the Foundation;

(c) any committee or committees, ad-hoc or permanent, or any other committee or body of management in connection with the said Mosque and Complex, by whatever name called, subsisting immediately before the coming into force of this section, shall stand dissolved and members of such committee or committees shall cease to be such members;

(d) all debts and obligations incurred, contracts entered into or rights acquired and all matters and things engaged to be done by, with or for the said Mosque and Complex, before the coming into force of this section, shall be deemed to have been incurred, entered into, acquired or engaged to be done by, with or for the Foundation;

(e) all officers and other employees of the said Mosque and Complex, appointed or employed before the date of approval by the Cabinet of the Draft Bill in respect of this section, shall stand transferred to the Foundation and shall be deemed to have been appointed by the Foundation in accordance with the terms and conditions of service as had been applicable to them immediately before the coming into force of this section until such terms and conditions are varied by rules or regulations made by the Government or Foundation, as the case may be, and no such officer or employee shall be entitled to any compensation because of such transfer;

(f) all assets and properties vested in the Foundation and any book of account, documents or other papers relating thereto shall be delivered to the Foundation or to an officer authorised by it in this behalf;

(g) the Foundation shall maintain separate account in respect of the income and expenditure of the Jamiatul Falah Mosque and Complex;

(h) the Foundation shall generally utilise the income of the Jamiatul Falah Mosque and Complex for the purpose of management, maintenance and development of the said Mosque and Complex, but the Foundation may also utilise the assets, properties and income of the said Mosque and Complex for the performance of its functions under section 11, if, in its opinion, such utilisation will not be prejudicial to the interest of the said Mosque and Complex; and

(j) all suits and other legal proceedings instituted on behalf of or against the said Mosque and Complex shall be deemed to be suits and proceedings by or against the Foundation and shall be proceeded or otherwise dealt with accordingly.

(2) The Government may, for the purpose of removing any difficulty in relation to matters specified in sub-section (1), make such orders as it considers expedient and any such order shall be deemed to be, and given effect to, as part of the provisions of that sub-section.”

মোঃ মাহফুজুর রহমান
সচিব।